বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : মঙ্গলবার, ২ ফেব্রুয়ারি ২০১০

সময় : বিকাল ৩:৩০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ১৮ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. ২০১০ - ২০১১ মেয়াদকালের জন্য সমিতির স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠন প্রসঙ্গে
৪. আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড পুনর্বিন্যাস প্রসঙ্গে
৫. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৬. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ১৮ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ১৮ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ১৮ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

১৯ জানুয়ারি - ২ ফেব্রুয়ারি ২০১০

২০ জানুয়ারি ২০১০ সভাপতি ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ল্যাপটপ ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন এবং মেলার উদ্বোধন করেন। ঐ দিন রাত ৮টায় তিনি গ্রামীণ ফোনের বিশেষ ভোজসভায় যোগ দেন। ২১ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি ইনটেলেকচুয়াল প্রপার্টি এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় যোগ দেন। ২৪ জানুয়ারি ২০১০ তিনি বাংলাদেশ কম্পিউটার সমিতির বাংলা প্রমিতকরণ কমিটির সভায় যোগদনি করেন। ২৫ জানুয়ারি ২০১০ সভাপতি আইসিবির ইইএফ ফান্ডের উপ-কমিটির সভায় যোগ দেন। ঐ দিন তিনি বিজনেস প্রমোশন কাউন্সিলের সমন্বয় সভায় যোগদান করেন। ২৬ জানুয়ারি সভাপতি রাজবাড়ী জেলার পাংশা থানার চরপাড়ায় অবস্থিত শাহাবুদ্দিন মডেল একাডেমীর অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি সেখানে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি সেমিনারও উপস্থাপন করেন। ঐ দিন সন্ধ্যায় খুলনার রয়েল হোটেলে তিনি জলবায়ু পরিবর্তন বিষয়ক একটি আলোচনা সভায় বক্তা হিসেবে অংশ গ্রহণ করেন। ২৭ জানুয়ারি ২০১০ সভাপতি বাগেরহাটের জ্ঞানমেলায় অংশগ্রহণ করেন। ২৮ জানুয়ারি ২০১০ বিকেলে তিনি বিসিএস কম্পিউটার সিটির মেলায় বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন । ২৯ জানুয়ারি ২০১০ সভাপতি ঢাকার ল্যাবরেটরি হাই স্কুলে আয়োজিত গণিত অলিম্পিয়াডে যোগ দেন। ৩১ জানুয়ারি সভাপতি বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ডিজিটাল বাংলাদেশ ধারণা বিষয়ক সভায় যোগ দেন। ১লা ফেব্রুয়ারি ২০১০ সভাপতি কমলাপুরের ডিজিট নামক একটি সংস্থার কম্পিউটার প্রশিক্ষণের পুরস্কার বিতরণীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সে দিন তিনি বিসিএস সদস্য আলোহা আইশপের শোরুম উদ্বোধন অনুষ্ঠান এবং বাংলা একাডেমী আয়োজিত ডিজিটাল বাংলাদেশ বিষয়ক আলোচনায় যোগ দেন।

আলোচ্যসূচি-৩ : ২০১০ - ২০১১ মেয়াদকালের জন্য সমিতির স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠন প্রসঙ্গে

আলোচনা : ২০১০ - ২০১১ মেয়াদকালের জন্য বিসিএস-এর স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠনের বিষয়ে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান। এ ব্যাপারে ইতিপূর্বে সমিতি থেকে পাঠানো ই-মেইল-এর উত্তর প্রদানের মাধ্যমে স্ট্যান্ডিং কমিটিতে অন্তর্ভূক্তির জন্য যেসব সদস্য আগ্রহ প্রকাশ করেছেন তাদের নামসহ সম্ভাব্য একটি তালিকা প্রণয়ন করা যেতে পারে বলে সকলে একমত পোষণ করেন। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন অন্যান্য পরিচালকদের সঙ্গে পরামর্শ করে এবং সমিতির সচিবালয়ের সহায়তায় এ তালিকা প্রণয়ন পূর্বক তা পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় পেশ করার দায়িত্ব গ্রহণে রাজি হন।

সিদ্ধান্ত : ২০১০ - ২০১১ মেয়াদকালের জন্য বিসিএস-এর স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠনের উদ্দেশ্যে ইতিপূর্বে সমিতি থেকে পাঠানো ই-মেইল-এর উত্তর প্রদানের মাধ্যমে স্ট্যান্ডিং কমিটিতে অন্তর্ভূক্তির জন্য যেসব সদস্য আগ্রহ প্রকাশ করেছেন তাদের নামসহ বর্ধিত সম্ভাব্য একটি তালিকা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন অন্যান্য পরিচালকদের সঙ্গে পরামর্শ

এবং সমিতির সচিবালয়ের সহায়তায় এ তালিকা প্রণয়ন পূর্বক তা পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় পেশ করার দায়িত্ব গ্রহণে রাজি হন।

আলোচ্যসূচি-৪ : আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড পুনর্বিন্যাস প্রসঙ্গে

আলোচনা : কার্যনির্বাহী কমিটির পূর্ববর্তী সিদ্ধান্ত মোতাবেক সভাপতি এবং মহাসচিবের মধ্যে আলোচনার ভিত্তিতে ২০০৯ - ২০১০ অর্থবছরের জন্য আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল (আইবিপিসি)'র তহবিল হতে বিসিএস-এর জন্য বরাদ্দকৃত অর্থে পুনর্বিন্যাস পূর্বক কর্মকাণ্ডের একটি তালিকা সভায় উপস্থাপন করা হয় (সংযুক্তি-১)। উক্ত তালিকা গ্রহণীয় কিনা সভাপতি তা জানতে চাইলে পরিচালকবৃন্দ ইতিবাচক সায় প্রদান এবং এটি অবিলম্বে আইবিপিসিতে প্রেরণের মত পেশ করেন।

সিদ্ধান্ত : ২০০৯ - ২০১০ অর্থবছরের জন্য আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল (আইবিপিসি)'র তহবিল হতে বিসিএস-এর জন্য বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাস করাসহ কর্মকাণ্ডের তালিকা (সংযুক্তি-১) গ্রহণীয় এবং তা অবিলম্বে আইবিপিসিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে ভিলেজ ডিস্ট্রিবিউশন্স লি:, জান কম্পিউটার, এস. কম্পিউটার, কম্পিউটার ফেয়ার, সান কম্পিউটার এণ্ড ইলেকট্রনিকস্, এসসিএ আইটি লি:, জেল ট্রেডিং বাংলাদেশ লি: এবং জান কম্পিউটার সার্ভিস সেন্টার কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনের সায় প্রদান করেন।
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম সভায় প্রস্তাব করেন, করপোরেশন অর্থাৎ আইসিটি খাতে বড় ধরনের বিনিয়োগকারী দেশি বা বিদেশি যেসব কোম্পানি এদেশে তাদের শাখা খুলে ব্যবসা করছে তাদের বেলায় ন্যূনতম ব্যবস্থাপক পর্যায়ের কোন কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে গ্রহণ পূর্বক সেসব কোম্পানিকে সমিতির সদস্য করা যায় কিনা। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে সংশ্লিষ্ট কোম্পানির পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত সাপেক্ষে বিশেষ বিবেচনায় এ পর্যায়ের প্রতিনিধি গ্রহণীয় বলে তারা অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে নিম্নলিখিত কোম্পানিগুলোর সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
ভিলেজ ডিস্ট্রিবিউশন্স লি:	৭৪৭
জান কম্পিউটার	৭৪৮
এস. কম্পিউটার	৭৪৯
কম্পিউটার ফেয়ার	৭৫০
সান কম্পিউটার এণ্ড ইলেকট্রনিকস্	৭৫১
এসসিএ আইটি লি:	৭৫২
জেল ট্রেডিং বাংলাদেশ লি:	৭৫৩

জান কম্পিউটার সার্ভিস সেন্টার	৭৫৪

- সংশ্লিষ্ট কোম্পানির পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত সাপেক্ষে করপোরেশন, অর্থাৎ আইসিটি খাতে বড় ধরনের বিনিয়োগকারী দেশি বা বিদেশি যেসব কোম্পানি এদেশে তাদের শাখা খুলে ব্যবসা করছে তাদের বেলায় ন্যূনতম ব্যবস্থাপক পর্যায়ের কোন কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে গ্রহণ পূর্বক সেসব কোম্পানিকে বিশেষ বিবেচনায় সমিতির সদস্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে সদস্যতার জন্য অন্যান্য শর্তাবলী আবশ্যকীয়ভাবে পূরণ করতে হবে।

আলোচ্যসূচি-৬ : বিবিধ

আলোচনা :

- সভাপতি ইতোমধ্যে অ্যাসোসিও ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীকে চেয়ারম্যান করে গঠিত অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজক কমিটি সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-২)। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত কমিটি গ্রহণীয় বলে তারা সায় প্রদান করেন।
- সভাপতি আগামী ৩১ মার্চ - ৩ এপ্রিল ২০১০ সময়কাল পর্যন্ত 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' আয়োজনের বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। তিনি স্পন্সরদেরকে আকৃষ্ট করার জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপনকে আগামী ১৩ ফেব্রুয়ারি ২০১০ তারিখের মধ্যে একটি প্রেজেন্টেশন তৈরি করে তা সোবহানবাগস্থ প্রিন্স রেস্টুরেন্টে উপস্থাপনের ব্যবস্থা করার অনুরোধ জানান । এতে মহাসচিব সায় প্রদান করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' সফল আয়োজনের প্রচার বৃদ্ধিকল্পে একটি জনপ্রিয় বেসরকারি টেলিভিশন চ্যানেলকে 'মিডিয়া পার্টনার' হিসেবে বেছে নেবার প্রস্তাব করেন। এতে সকলে একমত পোষণ করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সমিতির কার্যালয়ে পরিচালকদের ব্যবহারের জন্য একটি নেটবুক পিসি ক্রয়ের প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে সায় প্রদান করেন। তবে, তারা এ অভিমত ব্যক্ত করেন, সমিতির যে কোম্পানি এখানে সৌজন্যমূলক একটি ২২ ইঞ্চি এলসিডি মনিটর প্রদানে প্রথম রাজি হবে এবং অপেক্ষাকৃত ন্যায্য মূল্যে নেটবুক পিসি সরবরাহ করতে রাজি হবে সে কোম্পানির নিকট থেকে নেটবুক পিসি ক্রয় করা হবে।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সমিতির কার্যালয়ে ফ্যাক্স মেশিনের জন্য নতুন একটি আলাদা টেলিফোন লাইন সংযোগের প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সমিতির চীফ অপারেটিং অফিসারের ব্যবহারের জন্য অন্যূন ১০,০০০.০০ টাকা মূল্যের একটি মোবাইল সেট ক্রয়ের প্রস্তাব করেন। এ প্রস্তাবে উপস্থিত পরিচালকবৃন্দ সায় প্রদান করেন। তবে উক্ত মোবাইল সেট সমিতির সম্পত্তি হিসেবে ইনভেন্টরি তালিকায় অন্তর্ভূক্ত থাকবে।

সিদ্ধান্ত :

- অ্যাসোসিও ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীকে চেয়ারম্যান করে গঠিত অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট প্রোগ্রাম ২০১০ আয়োজক কমিটি (সংযুক্তি-২) সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০'-এর প্রতি স্পন্সরদেরকে আকৃষ্ট করার জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন আগামী ১৩ ফেব্রুয়ারি ২০১০ তারিখের মধ্যে একটি

প্রেজেন্টেশন তৈরি করে তা সোবহানবাগস্থ প্রিন্স রেস্টুরেন্টে উপস্থাপনের ব্যবস্থা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। এ কাজে মহাসচিব সায় প্রদান করেন।

- 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' সফল আয়োজনের প্রচার বৃদ্ধিকল্পে একটি জনপ্রিয় বেসরকারি টেলিভিশন চ্যানেলকে 'মিডিয়া পার্টনার' হিসেবে বেছে নেবার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির কার্যালয়ে পরিচালকদের ব্যবহারের জন্য একটি নেটবুক পিসি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। যে কোম্পানি সৌজন্যমূলক একটি ২২ ইঞ্চি এলসিডি মনিটর প্রদানে প্রথম রাজি হবে এবং অপেক্ষাকৃত ন্যায্য মূল্যে নেটবুক পিসি সরবরাহ করতে রাজি হবে সে কোম্পানির নিকট থেকে নেটবুক পিসি ক্রয় করা হবে বলেও সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির কার্যালয়ে ফ্যাক্স মেশিনের জন্য নতুন একটি টেলিফোন সংযোগ নেবার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির চীফ্ অপারেটিং অফিসারের ব্যবহারের জন্য অন্যূন ১০,০০০.০০ টাকা মূল্যের একটি মোবাইল সেট ক্রয়ের প্রস্তাব করেন। উক্ত মোবাইল সেট সমিতির সম্পত্তি হিসেবে ইনভেন্টরি তালিকায় অন্তর্ভূক্ত থাকবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি

সংযুক্তি-১ : ২০০৯ - ২০১০ অর্থবছরে আইবিপিসি'র তহবিল হতে বিসিএস-এর জন্য বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাস করাসহ কর্মকাণ্ডের তালিকা

সংযুক্তি-২ : অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজক কমিটি

বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি-১ : ২০০৯ - ২০১০ অর্থবছরে আইবিপিসি'র তহবিল হতে বিসিএস-এর জন্য বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাস

Bangladesh Computer Samity

Revised Activity Plan for July 2009 - June 2010 for Submission to IBPC

SL.	Activity	Timeline : Jul '09 - Jun '10												Each Time Duration	No. of Persons/ Companies	Approx. Total Budget (Tk.)	Financial Support Requested		Comments
		Jul	Aug	Sep	Oct	Nov	Dec	Jan	Feb	Mar	Apr	May	Jun				Percent	Amount in Tk.	
1	**Capacity Build Up Program on ICT and Customer Service**																		
	1.1 System Integration Training Workshop (Assembling Computer and its Accessories & Peripherals, Software Installation, Basic Network Setup and Trouble Shooting)																		
	1.1.1 Dhaka													2 days	25	275,000.00	41.00	112,750.00	Organizing ICT Awareness Program jointly by I
	1.1.2 Khulna													2 days	25	250,000.00	42.00	105,000.00	successful, popular & potential programs acros structure, specially to build up capacity among
	1.2 Customer Service Excellence (Attending Customers, Providing Services to Customers both on site & off site)																		goal of 'Digital Bangladesh' and could develop
	1.2.1 Dhaka													2 days		275,000.00	42.00	115,500.00	Training Workshop, i.e. providing hands on trai
	1.2.2 Sylhet													2 days		250,000.00	42.00	105,000.00	basic network setup and trouble shooting will b
	Sub-total 1															**1,050,000.00**		**438,250.00**	the year 2021.
2	**ICT Show, Digital Summit, ICT Summit, Pre-summit Session and Internation Trade Visit**																		
	2.1 BCS DIGITAL EXPO 2010, Dhaka													4 days	1500	9,100,000.00	12.00	1,092,000.00	Both BCS ICT World and BCS Digital Expo are
	2.2 ASOCIO Multilateral Trade Visit, Dhaka													2 days	500	1,200,000.00	32.68	392,160.00	'Digital Bangladesh'. Alongside the showcase
Sub-total 2:																		**1,484,160.00**	seminars, business match-making, product lun
3	**Already Completed Events**																		creative ideas to bring greater dimension. 'Digit
	3.1. 'Digital Banglaesh Summit' and Pre-summit Sessions at BCSICTWORLD 2009, Dhaka													6 days	2000	1,500,000.00	40.00	**600,000.00**	November '09. Further, the ASOCIO Multilatera expand their network of contacts, do business
Sub-total 3																		**600,000.00**	
Grand-total (1+2+3): Taka Twenty five lac twenty two thousand four hundred & ten only																		**2,522,410.00**	

Special Note

Total Fund allocated for BCS from IBPC	2,522,350.00
Amount Already expended	600,000.00
Residual Amount	**1,922,350.00**

Mustafa Jabbar
President, Bangladesh Computer Samity

Date: February 02, 2010

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি-২ : অ্যাসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট প্রোগ্রাম ২০১০ আয়োজক কমিটি

ASOCIO Multilateral Trade Visit 2010
March 31 - April 01, 2010
Dhaka Sheraton Hotel

Organizing Committee

SL #	Name, Designation & Company/Organization	Position in the MTV Organizing Committee
01	Mr. Abdullah H. Kafi Deputy President, ASOCIO Former President, BCS CEO, J.A.N. Associates Ltd	Chairman
02	Mr. Md. Faizullah Khan Former President, BCS Proprietor, Businessland	Member
03	Mr. Ahmed Hasan Former Vice President, BCS CEO, Ryans IT Limited	Member
04	Mr. Momluk Sabir Ahmed Former Treasurer, BCS Managing Director, Computer Services Limited	Member
05	Mr. T.I.M. Nurul Kabir SPINNOVATION LTD.	Member
06	Mr. A.S.M. Abdul Muktadir Director, Netstar Private Ltd.	Member
07	Mr. Mohammad Mustafizur Rahman Proprietor, Tech Hill	Member
08	Mr. Kazi Ashraful Alam Vice President, BCS	Member Secretary